

# বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট

বিজিআইসি টাওয়ার, ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০

## প্রেস বিজ্ঞপ্তি

বিআইসিএম রিসার্চ সেমিনার-৫৬ অনুষ্ঠিত

ঢাকা (০২ জুন ২০২৬):



বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)-এর রিসার্চ সেমিনার-৫৬ আজ ০২ জুন ২০২৬ তারিখ ইনস্টিটিউটের মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে “Bangladesh Government Sukuk: Alternative Structures and Practical Considerations” - শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন মালয়েশিয়ার ইনসিফ ইউনিভার্সিটির আইএসআরএ ইনস্টিটিউটের রিসার্চ ফেলো জনাব মেজবাহ উদ্দিন আহমেদ, এফসিসিএ, সিআইপিএ, সিএসএএ।

ইনস্টিটিউটের নির্বাহী প্রেসিডেন্ট জনাব ওয়াজিদ হাসান শাহ-এর সভাপতিত্ব ও সঞ্চালনায় আয়োজিত উক্ত সেমিনারে আলোচক

হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারের ইনভেস্টমেন্ট সুকুক এর শরীয়াহ এডভাইজরি কমিটির সদস্য মুফতি শাহেদ রহমানী এবং বাংলাদেশ ব্যাংকের ডেট ম্যানেজমেন্ট বিভাগের পরিচালক জনাব ইস্তেকমাল হোসেন। আলোচকগণ রিসার্চ সেমিনারে উপস্থাপনার বিভিন্ন দিক নিয়ে পুঙ্খানুপুঙ্খ আলোচনা করেন।

ইনস্টিটিউটের অভ্যন্তরীণ গবেষকদের গবেষণার উৎকর্ষতা সাধনের লক্ষ্যে বিআইসিএম নিয়মিতভাবে রিসার্চ সেমিনার আয়োজন করে থাকে। এরই অংশ হিসেবে রিসার্চ সেমিনার-৫৬ আয়োজন করা হয়। উক্ত রিসার্চ সেমিনারে ইনস্টিটিউটের সকল অনুষদ সদস্য ও কর্মকর্তাসহ অন্যান্য আমন্ত্রিত অতিথিগণ উপস্থিত ছিলেন।

ধন্যবাদান্তে,

(মোহাম্মাদ আব্দুল্লাহিল ওয়ারিশ)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট

ফোনঃ ০১৭১৮-৭৬৯৮১২

ই-মেইলঃ oarish@bicm.ac.bd